দৈনিক বাংলা

তারিখ 21 DEC 1993
পৃষ্ঠা ...

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়।

নং শাঃ ১১/বিবিধ ১৪–২৮/৯৩/৬৫৪–শিক্ষা তারিখ ঃ ০১–০৯–১৪০০বাং / ১৮–১২–১৯৯৩ইং

## বিজ্ঞপ্তি

বিষয় ঃ **১৯৯৪ সালে অনুষ্ঠিতব্য এসএসসি ও এইচএসসি পরীক্ষার ফলাফল কম্পিউটারায়ন–পরীক্ষার্থী নির্বাচন এবং তথ্য ফরম পূরণ প্রসঙ্গে।**

সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, দেশের পাবলিক পরীক্ষার ফলাফল মূল্যায়ন ও ফল প্রকাশ সুষ্ঠু, বস্তুনিষ্ঠ, দুর্নীতিমুক্ত ও ত্রুটিহীন করার জন্য ১৯৯৪ সাল থেকে এসএসসি ও এইচএসসি পরীক্ষার উত্তরপত্রসমূহ কোডিং এবং পরীক্ষার মূল্যায়ন ও ফলাফল কম্পিউটারায়ন করা হবে।

২। সরকার আরও সিদ্ধান্ত গ্রহণ করেছেন যে, ভবিষ্যতে উন্নয়ন কর্মসূচীতে, অন্তর্ভুক্তি এবং শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি বাবদ অনুদান প্রদান ও নবায়নের জন্য পূর্ববর্তী তিন বছরের পরীক্ষা পাসের হারের উপর ভিত্তি করে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা হবে। যদি কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষার্থিগণ পূর্ববর্তী তিন বছরের বোর্ডের পাসের গড় হারের শতকরা ৬০ ভাগ হারে পাস না করে তাহলে সে শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন কর্মসূচীতে অন্তর্ভুক্তি কিংবা শিক্ষক/কর্মচারীর বেতন ভাতা বাবদ অনুদান প্রাপ্তি/ নবায়নের জন্য বিবেচিত হবে না।

৩। উপরোক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে আগামী ১৯৯৪ সালে অনুষ্ঠিতব্য এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল্যায়ন ও ফলাফল প্রকাশে অত্যন্ত কড়াকড়ি করা হবে। যদি উল্লিখিত পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু পরীক্ষার্থীদের অত্যন্ত সতর্কতার সহিত নির্বাচন করা না হয়, তাহলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের পাসের হার মারাত্মকভাবে নিম্নগামী হতে পারে এবং ইহার ফলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন কার্যক্রম ও সরকারী অনুদান হতে বঞ্চিত হতে পারে।

৪। পরীক্ষার্থীদের জন্য ইতিমধ্যে "এসআইএফ" নামে যে বিশেষ ধরনের ফরম বিতরণ করা হয়েছে তা সঠিকভাবে পূরণ করা না হলে বিদেশ থেকে সংগৃহীত এই মূল্যবান ফরম ব্যাপকভাবে বিনষ্ট ও ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। তাছাড়া ভুল তথ্য প্রদান করলে সঠিক ফলাফল প্রকাশ বিঘ্নিত হতে পারে।

৫। বর্ণিত অবস্থায় সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে যে–

ক· আসন্ন ১৯৯৪ সালের এসএসসি ও এইচএসসি পরীক্ষার জন্য অত্যধিক কঠোরতা ও সতর্কতার সহিত পরীক্ষার্থী নির্বাচন করবেন; এবং

খ· পরীক্ষার্থীরা যাতে নিখুঁত ও সম্পূর্ণ নির্ভুলভাবে "এসআই-এফ" ফরম পূরণ করতে পারে সে জন্য বিশেষ যত্ন ও সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করবেন।

৬। এ প্রসঙ্গে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে সতর্ক করে দেয়া যাচ্ছে যে উদারভাবে পরীক্ষার্থী নির্বাচনের কারণে যদি তাদের শিক্ষা প্রতিষ্ঠানের ফলাফল খারাপ হয় এবং ফলশ্রুতিতে তারা সরকারী উন্নয়ন কার্যক্রম কিংবা অনুদান হতে বঞ্চিত হন অথবা তাদের অসতর্কতা ও যত্নহীনতার জন্য "এসআইএফ" ফরম বিনষ্ট হয় কিংবা সঠিক ফলাফল প্রকাশ বিঘ্নিত হয় তদজন্য তারা ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

মোঃ ইরশাদুল হক
সচিব
শিক্ষা মন্ত্রণালয়।

ডিএফপি(স)–২১০৬২–১৮/১২
জি–৯১৯৬